গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(জেলা পরিষদ শাখা)

স্মারক নং - জেপশা/বাজেট-৩/২০০৯/ ২৬৬৭ তারিখঃ ২ /২০১০খ্রিস্টাব্দ।

বিষয় ঃ জেলা পরিষদের ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগ সংক্রান্ত নীতিমালা।

জেলা পরিষদসমূহের রাজস্ব বাজেট অনুমোদন ও বার্ষিক পর্যালোচনা সভা, ২০১০ এর সিদ্ধান্ত অনুযায়ী জেলা পরিষদসমূহকে ক্ষমতায়ন ও জেলা পরিষদসমূহের ৩য় ও ৪র্থ শ্রেনীর কর্মচারী নিয়োগের বিষয়টি সহজতর করার লক্ষ্যে নিম্মরূপ নীতিমালা জারী করা হ'ল ঃ

১) জেলা পরিষদের ৩য় ও ৪র্থ শ্রেণীর সকল পদে লোক নিয়োগের জন্য মন্ত্রণালয়ের ছাড়পত্র গ্রহণ করতে হবে। ছাড়পত্র প্রদানের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণকালে সাংগঠনিক কাঠামো অনুযায়ী মোট পদ, কর্মরত ও শুন্য পদের সংখ্যা উল্লেখপূর্বক পদ শুন্য হওয়ার কারণ এবং প্রস্তাবিত লোক নিয়োগে বেতন ভাতা প্রদানের স্বক্ষমতা রয়েছে কিনা তা উল্লেখ করতে হবে;

২) ছাড় ত্র গ্রহপূর্বক শূন্য পদে নিয়োগের নিমিত্ত বহুল প্রচারিত ১টি জাতীয় ও ১টি স্থানীয় পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করতে ব। এছাড়াও নিয়োগ বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার দপ্তরের নোটিশ বোর্ডে সকলের গোচরীভূত হয় এরূপ স্থানে লাগাতে হবে;

৩) জেলা পরিষদের নিয়োগ ও বাছাই কমিটির মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে। **নিয়োগ অনুমোদনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের আবশ্যকতা নেই;**

৪) ছাড়পত্র প্রদানকৃত কোন পদে কোন অনিয়মিত বা মাস্টাররোল কর্মচারীকে নিয়মিত/আত্মীকরণ করা যাবেনা;

৫) সরকার কর্তৃক সময় সময় জারীকৃত কোটা, বয়স ও অন্যান্য শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৬) নিয়োগের ক্ষেত্রে স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯০ এবং প্রচলিত সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। নিয়োগের ক্ষেত্রে প্রচলিত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ না করা হলে বা এ সংক্রান্ত কোন অভিযোগ উত্থাপিত হলে মন্ত্রণালয় উক্ত নিয়োগ বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

৭) বর্ণিত নির্দেশাবলী ছাড়াও নিয়োগের ক্ষেত্রে সময় সময় জারীকৃত বিধি-বিধান, পরিপত্র, আদেশ ও নির্দেশাবলী অনুসরণ করতে হবে।

২৮/০৯/১০
(জুবাইদা নাসরীন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬৯২৭৪

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ--------------(সকল)।

অনুলিপি ঃ

১। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর।
২। মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৪। যুগ্ম-সচিব(প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
৫। উপ-সচিব(প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

Com-1\D:\2010-2011\Budget meeting 10\Letter.doc-26